পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১
(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)
রেজিঃ নং— ৪১৯৯

PNB SRAMIK UNION
DIAMOND JUBILEE YEAR

সার্কুলার নং ১৩/২০১৬ তারিখ ঃ ১৫/১২/২০১৬

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সমস্ত কর্মীবন্ধুদের প্রতি আবেদন

প্রিয় সাথী,

বিগত ১১ই ডিসেম্বর,২০১৬ তারিখে আমাদের সংগঠন সুদীর্ঘ পথ অতিক্রম করে হীরক জয়ন্তী বর্ষে পদার্পন করেছে। এই হীরক জয়ন্তী বর্ষে সংগঠনের উনবিংশতিতম মিলনোৎসব হতে চলেছে।

আগামী ২৩শে ডিসেম্বর, ২০১৬ তারিখে আমাদের ব্যাঙ্কের ব্র্যাবোর্ণ রোড শাখাতে রক্তদান শিবির আয়োজনের মধ্যে দিয়ে এই মিলনোৎসবের শুভ সূচনা হবে।

এই মিলনোৎসবকে কেন্দ্র করে সেমিনার, জনপ্রিয় বক্তৃতা এবং মূল সাংস্কৃতিক অনুষ্ঠান সহ আমাদের সহকর্মী, তাঁদের পুত্র-কন্যা, নিকট আত্মীয় পরিজন, বন্ধু বান্ধব, অবসরপ্রাপ্ত কর্মচারী ও গ্রাহকবৃন্দের অংশগ্রহণে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতা সংক্রান্ত তথ্য ও নিয়মাবলী নীচে দেওয়া হল।

এই সকল প্রতিযোগিতা ও অনুষ্ঠানকে আনন্দমুখর, সর্বাঙ্গসুন্দর ও সফল করতে সকলস্তরের কর্মচারীদের প্রত্যক্ষ অংশগ্রহণ ও স্বতঃস্ফূর্ত সহযোগিতার আবেদন রাখছি।

অভিনন্দন সহ,

সাধারণ সম্পাদক

বিভিন্ন প্রতিযোগিতার তথ্য ও নিয়মাবলী

১। মেধা পুরস্কার ঃ

সকল স্তরের কর্মচারীর পুত্র-কন্যারা এই পুরস্কারের জন্য বিবেচিত হবে। ২০১৫ ও ২০১৬ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক (পশ্চিমবঙ্গ বোর্ড ও কেন্দ্রীয় বোর্ড) স্তরে পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মেধার ভিত্তিতে পুরস্কার দেওয়া হবে। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মার্কশীট ৩১শে জানুয়ারী, ২০১৭ এর মধ্যে কেন্দ্রীয় কার্যালয়ে পাঠাতে হবে।

ছাত্রছাত্রীদের কাছ থেকে প্রাপ্ত মার্কশীটের ভিত্তিতে ২০১৫ ও ২০১৬ সালের মাধ্যমিক পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপকদের 'কৌস্তভ ভট্টাচার্য' স্মৃতি পুরস্কার প্রদান করা হবে।

২। বসে আঁকো প্রতিযোগিতা ঃ

তারিখ ঃ ১৫ই জানুয়ারী ২০১৭, রবিবার **স্থান ঃ** লায়ন্স রেঞ্জ শাখা **সময় ঃ** বিকাল ৩টা

২৩শে ডিসেম্বর, ২০১৬ (শুক্রবার) আমাদের ব্যাঙ্কের ১৮এ ব্র্যাবোর্ণ রোড শাখাতে আয়োজিত রক্তদান শিবিরে অবশ্যই রক্তদান করুন।

বিভাগ ঃ (ক) ৮ বছর বয়স পর্যন্ত

(খ) ৮ + থেকে ১২ বছর বয়স পর্যন্ত

(গ) ১২+ থেকে ১৫ বছর বয়স পর্যন্ত

(ঘ) ১৫+ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত

নিয়মাবলী ঃ (অ) সকল স্তরের কর্মচারীদের পুত্র-কন্যা সহ আত্মীয় স্বজন, গ্রাহকবৃন্দ ও গ্রাহকবৃন্দের পুত্র-কন্যারাও এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

(আ) প্রত্যেক প্রতিযোগীকে পেন্সিল, রবার, রঙ, বোর্ড আনতে হবে।

(ই) 'ক', 'খ' ও 'গ' বিভাগে যে কোন রঙ ব্যবহার করা যাবে। কিন্তু 'ঘ' বিভাগে জল রঙ ব্যবহার বাধ্যতামূলক।

(ঈ) আঁকার বিষয় প্রতিযোগিতার দিন ঘোষণা করা হবে।

(উ) অংশগ্রহণের জন্য নাম পাঠানোর শেষ তারিখ ৫ই জানুয়ারী, ২০১৭।

(ঊ) বিচারকের রায়ই চূড়ান্ত।

৩। স্বাস্থ্য পরীক্ষা শিবির ঃ

তারিখ ও স্থান পরে জানানো হবে।

৪। তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতা ঃ

তারিখ ঃ ১৮ই ফেব্রুয়ারী ২০১৭, শনিবার **স্থান ঃ** পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, ব্র্যাবোর্ণ রোড শাখা

সময় ঃ বিকাল ৩টা **বিষয় ঃ** প্রতিযোগিতার দিন জানানো হবে।

নিয়মাবলী ঃ (অ) পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সকল স্তরের কর্মচারীরা অংশগ্রহণ করতে পারবেন।

(আ) অংশগ্রহণের জন্য নাম পাঠানোর শেষ তারিখ ৩১শে জানুয়ারী ২০১৭।

(ই) বিচারকের রায়ই চূড়ান্ত।

৫। আলোকচিত্র প্রতিযোগিতা ঃ

নিয়মাবলী ঃ (ক) পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সকল স্তরের কর্মচারীরা ও অবসরপ্রাপ্ত কর্মচারীরা অংশগ্রহণ করতে পারবেন।

(খ) যে কোন বিষয়ের ওপর ছবি গ্রহণ করা হবে।

(গ) সাদা-কালো ও রঙিন— উভয় প্রকার ছবি বিবেচ্য। প্রতি বিভাগে সর্বাধিক তিনটি ছবি গ্রহণ করা হবে।

(ঘ) একাধিক ছবির ক্ষেত্রে ক্রমিক সংখ্যা সহ নামকরণ থাকা চাই।

(ঙ) ছবির ন্যূনতম আকৃতি ৮ ইঞ্চি x ১০ ইঞ্চি হওয়া চাই।

(চ) সংগঠন আয়োজিত পূর্বের প্রতিযোগিতায় পরীক্ষিত কোনও ছবি গ্রহণ করা হবে না।

(ছ) ছবির পিছনে নিজের নাম, ব্যাঙ্ক ও শাখার নাম লিখতে হবে।

(জ) প্রতিযোগিতার শেষে সব ছবি ফেরৎযোগ্য। নিজ উদ্যোগে ছবি ফেরৎ নিতে হবে।

(ঝ) প্রতিযোগিতার গৃহীত ছবি সংরক্ষণে যত্ন নেওয়া সত্ত্বেও কোনরূপ ক্ষতি বা হারিয়ে যাওয়ার জন্য সংগঠন দায়ী থাকবে না।

(ঞ) অংশগ্রহণের জন্য ছবি অবশ্যই ১৫ই জানুয়ারী, ২০১৭এর মধ্যে কেন্দ্রীয় কার্যালয়ে পাঠাতে হবে।

(ট) ছবির মূল্যায়ন হবে ২১শে জানুয়ারী, ২০১৭। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের বি.আর.বি.বি. রোড শাখায়।

(ঠ) বিচারকের রায়ই চূড়ান্ত।

৬। গল্প, কবিতা ও প্রবন্ধ প্রতিযোগিতা ঃ

প্রবন্ধের বিষয় ঃ পরে জানানো হবে

নিয়মাবলী ঃ (ক) গল্প ও কবিতা প্রতিযোগিতায় পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সকল স্তরের কর্মচারী, তাঁদের পরিবার (পরিবার-এর সংজ্ঞা ব্যাঙ্ক নির্ধারিত) এবং ব্যাঙ্কের অবসরপ্রাপ্ত কর্মচারীরা অংশগ্রহণ করতে পারবেন।

(খ) প্রবন্ধ প্রতিযোগিতায় পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের কর্মরত ও অবসরপ্রাপ্ত সকল স্তরের কর্মচারী অংশগ্রহণ করতে পারবেন।

(গ) কর্মচারীদের 'পরিবার'-এর কেউ গল্প বা কবিতা প্রতিযোগতিায় অংশগ্রহণ করলে কর্মচারীর সাথে তাঁর সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে।

(ঘ) গল্প রচনা অনধিক ১৫০০ শব্দের মধ্যে হতে হবে।

(ঙ) কবিতা রচনা অনধিক ২০০ শব্দের মধ্যে হতে হবে।

(চ) প্রবন্ধ রচনা অনধিক ৪০০০ শব্দের মধ্যে হতে হবে।

(ছ) প্রবন্ধ রচনার ক্ষেত্রে সহায়ক সূত্র নির্দেশ করতে হবে।

(জ) মৌলিক রচনা ব্যতীত অনুবাদ রচনা গ্রহণযোগ্য নয়।

(ঝ) গল্প ও কবিতার নামকরণ করতে হবে।

(ঞ) ফুলস্কেপ কাগজের পৃষ্ঠায় একদিকে যথাসম্ভব পরিচ্ছন্নতার সাথে নিজের নাম ও শাখার নাম সহ মুখবন্ধ খামে ৩১শে জানুয়ারী, ২০১৭এর মধ্যে পাঠাতে হবে।

(ট) একজন প্রতিযোগী সব বিষয়ে অংশগ্রহণ করতে পারবেন, কিন্তু একই বিষয়ে একাধিক রচনা গৃহীত হবে না।

(ঠ) প্রতিযোগিতার পর লেখা ফেরৎ পাঠানো সম্ভব নয়।

(ড) গল্প ও কবিতা রচনার বিষয়বস্তু নির্বাচনে সুস্থ সংস্কৃতির পরিচয় অবশ্যই রাখতে হবে।

(ঢ) বিচারকের রায়ই চূড়ান্ত।

৭। শ্রুতিনাটক প্রতিযোগিতা ঃ

তারিখ ঃ ৩১শে জানুয়ারী, ২০১৭ থেকে ৪ঠা ফেব্রুয়ারী, ২০১৭।

প্রতিযোগী দলের সংখ্যার ভিত্তিতে প্রতিযোগিতার দিন প্রয়োজন অনুযায়ী পরিবর্তিত হবে।

স্থান ঃ পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ব্র্যাবোর্ণ রোড শাখা। **সময় ঃ** প্রাতিযোগী দলকে আলাদাভাবে জানানো হবে।

নিয়মাবলী ঃ (অ) পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের সকল স্তরের কর্মচারীরা অংশগ্রহণ করতে পারবেন।

(আ) শাখাভিত্তিক অংশগ্রহণ করতে হবে। কোনও শাখা অপর কোনও শাখাকে যুক্ত করতে চাইলে সংগঠনের আগাম অনুমতি নিতে হবে।

(ই) নির্ধারিত সময় সর্বাধিক ২৫ মিনিট।

(ঈ) সংগঠনের পক্ষ থেকে শুধু মাইক্রোফোন দেওয়া হবে। এছাড়া শব্দ প্রক্ষেপণের জন্য যে কোনও রকম যন্ত্র (টেপ রেকর্ডার বা সিডি প্লেয়ার) অংশগ্রহণকারী শাখাকে নিয়ে আসতে হবে।

(উ) কোনও শাখা অতিথি শিল্পীকে যুক্ত করতে চাইলে আগাম অনুমতি নিতে হবে। শাখা ভিত্তিক অতিথি শিল্পী ২এর বেশি হবে না। একজন অতিথি শিল্পী একাধিক শাখার সাথে নিজেকে যুক্ত করতে পারবেন না। অতিথি শিল্পী পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

(ঊ) বিষয়বস্তু নির্বাচনে সুস্থ সংস্কৃতির পরিচয় অবশ্যই রাখতে হবে।

(ঋ) অংশগ্রহণের জন্য নাম পাঠানোর শেষ তারিখ — ২৫শে জানুয়ারী ২০১৭।

(ঌ) বিচারকের রায়ই চূড়ান্ত।

৮। জনপ্রিয় বক্তৃতা ঃ

বিষয় ও বক্তা ঃ পরে জানানো হবে।

স্থান ও তারিখ ঃ পরে জানানো হবে

সময় ঃ বিকাল ৩টা

৯। লঘুসঙ্গীত প্রতিযোগিতা ঃ

তারিখ ঃ ২৮শে জানুয়ারী২০১৭, শনিবার **স্থান ঃ** পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, ব্র্যাবোর্ণ রোড শাখা **সময় ঃ** বিকাল ৩টা

বিভাগ ঃ (ক) ১০ বছর বয়স পর্যন্ত।

(খ) ১০+ থেকে ১৫ বছর বয়স পর্যন্ত।

(গ) ১৫ বছরের উর্দ্ধে।

নিয়মাবলী ঃ (অ) সকল স্তরের কর্মচারীদের পুত্র-কন্যা সহ আত্মীয় স্বজন গ্রাহকবৃন্দের পুত্র-কন্যারাও অংশগ্রহণ করতে পারবেন।

(আ) সিনেমার গান বাদে যে কোনও প্রকার লঘুসঙ্গীত প্রযোজ্য।

(ই) তিনটি যন্ত্রের বেশি ব্যবহার করা যাবে না

(ঈ) হারমোনিয়াম ও তবলা দেওয়া হবে।

(উ) হারমোনিয়াম ও তবলা সঙ্গতে শিল্পী দেওয়া হবে। নিজস্ব শিল্পীও আনা যাবে।

(ঊ) অংশগ্রহণের জন্য নাম পাঠানোর শেষ তারিখ— ১৫ই জানুয়ারী, ২০১৭।

(ঋ) বিচারকের রায়ই চূড়ান্ত।

১০। আবৃত্তি প্রতিযোগিতা ঃ

তারিখ ঃ ২৮শে জানুয়ারী ২০১৭, শনিবার **স্থান ঃ** পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, আর.সি.সি. শাখা

সময় ঃ বিকাল ৩টা

বিভাগ ঃ (ক) ৭ বছর বয়স পর্যন্ত

(খ) ৭+ থেকে ১২ বছর বয়স পর্যন্ত

(গ) ১২+ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত

} কবিতার নাম পরে জানানো হবে।

নিয়মাবলী ঃ (অ) সকল স্তরের কর্মচারীদের পুত্র-কন্যা সহ আত্মীয় স্বজন গ্রাহকবৃন্দ ও গ্রাহকবৃন্দের পুত্র-কন্যারাও এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

(আ) কবিতাগুলির প্রতিলিপি কেন্দ্রীয় কার্যালয়ে পাওয়া যাবে।

(ই) অংশগ্রহণের জন্য নাম পাঠানোর শেষ তারিখ ১৫ই জানুয়ারী, ২০১৭।

(ঈ) বিচারকের রায়ই চূড়ান্ত।

১১। পুরস্কার বিতরণ অনুষ্ঠান ঃ

তারিখ ও স্থান পরে জানানো হবে।

মূল সাংস্কৃতিক অনুষ্ঠান

তারিখ ও স্থান পরে জানানো হবে

তরুণ প্রিন্টার্স ২২৪১-৪৬৭৫